রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ১১ , ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১১ জানুয়ারী, ২০০৪/২৮ পৌষ, ১৪১০

## ঢাকা সিটি কর্পোরেশন চুক্তি (বিল্ড-ওন-অপারেট এবং ট্রান্সফার) বিধিমালা,২০০৩

এস, আর, ও নং ৯-আইন/২০০৪ ।—Dhaka City Corporation Ordinance, 1983 (XL of 1983)-এর section 157 এ প্রদত্ত ক্ষমতাবলে এবং section 40 ও উক্ত Ordinance এর Fourth Schedule এর দফা (4) এর উদ্দেশ্যপূরণকল্পে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ।—এই বিধিমালা ঢাকা সিটি কর্পোরেশন চুক্তি (বিল্ড-ওন-অপারেট এবং ট্রান্সফার) বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ ।—বিষয় ও প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) " অধ্যাদেশ" অর্থ Dhaka City Corporation Ordinance, 1983 (XL of 1983);

(খ) "বিল্ড-ওন-অপারেট এবং ট্রান্সফার" অর্থ বেসরকারী অর্থায়নে অবকাঠামো উন্নয়ন, নির্দিষ্ট মেয়াদের জন্য মালিকানাসহ পরিচালনা, রক্ষণাবেক্ষণ, ব্যবস্থাপনা এবং মেয়াদকাল সমাপ্তিতে মালিকানাসহ নির্মিত অবকাঠামো কর্তৃপক্ষের নিকট হস্তান্তর, সংক্ষেপে BOOT;

(গ) "চুক্তি" অর্থ ঢাকা মহানগরীতে ফ্লাইওভার, আন্ডারপাস, বাইপাস এবং সড়ক অবকাঠামো উন্নয়নের জন্য ঢাকা সিটি কর্পোরেশন ও বেসরকারী প্রতিষ্ঠানের মধ্যে BOOT পদ্ধতিতে সম্পাদিতব্য চুক্তি;

(ঘ) "উন্নয়ন" অর্থ বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক ডিজাইন, স্পেসিফিকেশন, নির্মাণ ও আবশ্যিক কার্যাদি সম্পাদনসহ অবকাঠামো উন্নয়ন;



মূল্য ঃ টাকা ২.০০

(ঙ) "অবকাঠামো" অর্থ ঢাকা মহানগরীর ফ্লাইওভার, আন্ডারপাস, বাইপাস, এলিভেটেড রোড, আন্ডারগ্রাউন্ড রেল কাঠামো, পার্কিং সুবিধাদিসহ অন্যান্য সড়ক অবকাঠামো;

(চ) "প্রকল্প" অর্থ ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক BOOT পদ্ধতিতে মহানগরীর অবকাঠামো উন্নয়ন প্রকল্প;

(ছ) "দরপত্র কমিটি" অর্থ দরপত্র বিবেচনার উদ্দেশ্যে এই বিধিমালার বিধি ৮ এর অধীনে গঠিত দরপত্র কমিটি;

(জ) "কর্তৃপক্ষ" অর্থ ঢাকা সিটি কর্পোরেশন;

(ঝ) "বেসরকারী প্রতিষ্ঠান" অর্থ কোন ব্যক্তি বা অংশীদারী ব্যবসা প্রতিষ্ঠান, বা আইনের অধীন প্রতিষ্ঠিত অথবা নিগমিত কোন কোম্পানী অথবা যৌথ দেশী বা বিদেশী বাণিজ্যিক কোম্পানী।

৩। **অবকাঠামো উন্নয়ন।**—কর্পোরেশন, BOOT পদ্ধতিতে বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে ঢাকা মহানগরীর ফ্লাইওভার (Flyover), আন্ডারপাস (Under Pass), বাইপাস (By-Pass) সহ অবকাঠামো উন্নয়ন করিতে পারিবে এবং সরকারের পূর্বানুমোদনক্রমে নির্দিষ্ট সময়ের জন্য নির্ধারিত হারে টোল ও ফি আদায়সহ উহার ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব উক্ত প্রতিষ্ঠানের উপর ন্যস্ত করিতে পারিবে।

৪। **বেসরকারী প্রতিষ্ঠানের নিকট ক্ষমতা অর্পন।**—(১) কর্পোরেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, BOOT পদ্ধতিতে অবকাঠামো উন্নয়ন এবং উহার ব্যবস্থাপনা, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের লক্ষ্যে কোন বেসরকারী প্রতিষ্ঠানকে নির্ধারিত শর্তে ও মেয়াদের জন্য ফি ও টোল আদায়ের অনুমতিসহ সম্মত মেয়াদকালীন মালিকানা প্রদান করিতে পারিবে।

(২) চুক্তিভুক্ত পক্ষগণের পারস্পরিক সম্মতির ভিত্তিতে উপ-বিধি (১) এর অধীনে সম্মত মেয়াদকাল অতিক্রান্ত হইবার সাথে সাথে বেসরকারী প্রতিষ্ঠান উল্লেখিত টোল ও ফি আদায়ের অধিকার হারাইবে এবং এতদ্‌সংক্রান্ত মালিকানার মেয়াদ শেষ হইয়াছে মর্মে গণ্য হইবে।

৫। **বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক অর্থায়ন।**—সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নের জন্য বেসরকারী প্রতিষ্ঠান কর্পোরেশনের নিকট গ্রহণযোগ্য প্রক্রিয়ায় অর্থায়নের জন্য একটি স্বচ্ছ এবং সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করিবে।

৬। **প্রকল্প বাস্তবায়ন বা সমাপ্তির মেয়াদ।**—(১) কর্পোরেশন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন বা সমাপ্তির মেয়াদ নির্দিষ্ট করিয়া দিবে, এবং উক্ত মেয়াদের মধ্যে উক্ত প্রকল্প বাস্তবায়ন বা সমাপ্ত না হইলে সংশ্লিষ্ট বেসরকারী প্রতিষ্ঠান উহার আর্থিক এবং অন্যান্য দায়-দায়িত্ব বহন করিবে।

(২) সংশ্লিষ্ট বেসরকারী প্রতিষ্ঠান ইহার বিনিয়োগকৃত অর্থ নির্দিষ্ট মেয়াদের মধ্যে আদায় করিতে ব্যর্থ হইলে উহার জন্য কর্পোরেশন কোনক্রমেই দায়ী হইবে না।

৭। **দরপত্র আহবান।**—(১) কর্পোরেশন এই বিধিমালার অধীনে BOOT পদ্ধতিতে কোন অবকাঠামো উন্নয়ন বা প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে দরপত্র আহবান করিতে পারিবে।

(২) কর্পোরেশন, দরপত্র আহবানের নোটিশ কর্পোরেশনের নোটিশবোর্ডে এবং বহুল প্রচারিত, কমপক্ষে দুইটি বাংলা ও দুইটি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায়, প্রয়োজনে ওয়েব সাইটে, প্রচার করিবে।

৮। **দরপত্র কমিটি**।—(১) কর্পোরেশন, বিধি ৭ এর অধীনে আহুত দরপত্র বিবেচনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি দরপত্র কমিটি গঠন করিবে, যথাঃ—

(ক) কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, পদাধিকারবলে, যিনি কমিটির সভাপতিও হইবেন;

(খ) মেয়র কর্তৃক মনোনীত দুইজন কমিশনার;

(গ) কর্পোরেশনের প্রধান নির্বাহী প্রকৌশলী;

(ঘ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন কর্মকর্তা; এবং

(ঙ) কর্পোরেশনের দুইজন কর্মকর্তা।

(২) দরপত্র কমিটি স্বচ্ছ প্রক্রিয়ায় দরপত্র সম্পর্কিত দেশে প্রচলিত সাধারণ ও কর্পোরেশন অনুসৃত বিশেষ বিধানাবলী মোতাবেক উক্ত কমিটির উপর অর্পিত এতদ্‌সংক্রান্ত দায়িত্ব সম্পন্ন করিবে।

৯। **চুক্তি সম্পাদন**।—(১) কর্পোরেশনের পক্ষে মেয়র, অথবা তাহার অনুপস্থিতিতে মেয়রের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা মেয়র কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক চুক্তি সম্পাদন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে সম্পাদিত প্রতিটি চুক্তি লিখিত এবং কর্পোরেশনের সাধারণ সীলমোহরযুক্ত হইবে।

(৩) এই বিধির অধীনে সম্পাদিত প্রতিটি চুক্তিতে নিম্ন বর্ণিত শর্তাবলী সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে, যথাঃ—

(ক) চুক্তির অধীনে বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিতব্য কাজের বিস্তারিত বিবরণ ;

(খ) চুক্তির অধীনে বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক পালনীয় দায়-দায়িত্বসমূহ ;

(গ) বেসরকারী প্রতিষ্ঠান যে ভাবে ইহার বিনিয়োগকৃত অর্থ আদায় (reimburse) করিবে উহার বিস্তারিত বিবরণ এবং উক্ত অর্থ টোল ও ফি আদায়ের মাধ্যমে সংগ্রহ করা হইলে উক্ত টোল ও ফি এর হার কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হইবে ;

(ঘ) দফা (গ) এ উল্লিখিত টোল ও ফি আদায়ের সময়কাল, উহার নির্ধারিত হার এবং সম্মত মেয়াদ ;

(ঙ) অবকাঠামোর বর্ণনা ; এবং

(চ) এই বিধিমালার অধীনে বেসরকারী প্রতিষ্ঠানকে প্রদত্ত অন্য যে কোন অধিকার।

১০। **ইজারা মঞ্জুর**।—কর্পোরেশন, কোন বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন উদ্দেশ্যে সংশ্লিষ্ট সড়কসমূহ এবং এতদ্‌সংক্রান্ত চলাচলের অধিকার, নির্ধারিত সময়ের জন্য, একটি অপ্রত্যাহারযোগ্য ইজারার মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করিতে পারিবে এবং উক্ত ইজারা চুক্তি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ রাখিতে পারিবে বা পূর্বসত্ত্ব সৃষ্টি করিতে পারিবে।

১১। **সরকারের পূর্বানুমোদন।**—(১) কর্পোরেশন BOOT পদ্ধতিতে বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রতিটি চুক্তি সরকারের পূর্বানুমোদনক্রমে সম্পাদন করিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত পূর্বানুমোদন গ্রহণের উদ্দেশ্যে কর্পোরেশনের সুপারিশসহ সংশ্লিষ্ট সমুদয় দরপত্রের সহিত দাখিলকৃত সুনির্দিষ্ট বিবরণাদি এবং আনুষঙ্গিক সকল কাগজাদি সরকারের নিকট প্রেরণ করিতে হইবে।

(৩) সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে কোন চুক্তি সংশোধন করা যাইবে না।

১২। **কতিপয় ব্যক্তির সহিত চুক্তি নিষিদ্ধ।**—কর্পোরেশন, ইহার মেয়র, কোন কমিশনার, কর্মকর্তা বা কর্মচারীর সহিত, বা উক্ত মেয়র, কমিশনার, কর্মকর্তা বা কর্মচারীর কোন আত্মীয়ের সহিত, অথবা উক্ত মেয়র, কমিশনার, কর্মকর্তা বা কর্মচারীর মালিকানাধীন বা তাঁহার দ্বারা পরিচালিত বা ব্যবসায় জড়িত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত, কোন চুক্তিতে আবদ্ধ হইতে পারিবে না, বা কর্পোরেশনের পক্ষে কোন চুক্তি সম্পাদন করা যাইবে না।

১৩। **অধ্যাদেশ, বিধিমালা বহির্ভূত চুক্তি।**—অধ্যাদেশ এবং এই বিধিমালার সহিত অসঙ্গতিপূর্ণ কোন চুক্তি কর্তৃপক্ষের উপর বাধ্যকর হইবে না।

১৪। **বিধির ইংরেজী পাঠ।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজীতে অনুদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই বিধিমালার নির্ভরযোগ্য ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ইংরেজী পাঠ এবং এই বিধিমালার মধ্যে উদ্ভূত কোন বিরোধের ক্ষেত্রে এই বিধিমালা প্রাধান্য পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এইচ এম আবুল কাসেম
ভারপ্রাপ্ত সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।